

া সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৬৬

৫/ নামাজ প্রসঙ্গে (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৯/ নামাজের হিসাব নিকাশ প্রসঙ্গে

আরবী

أَخْبَرَنَا أَبُو دَاوُدَ، قَالَ حَدَّتَنَا هَارُونُ، _ هُوَ ابْنُ إِسْمَاعِيلَ الْخَزَّازُ _ قَالَ حَدَّتَنَا هَمَّامٌ، عَنْ حَرَيْثِ بْنِ قَبِيصَةَ، قَالَ قَدِمْتُ الْمَديِنَةَ قَالَ قُلْتُ اللَّهُمَّ يَسِّرْ عَنْ قَتَادَةَ، عَنِ الْحَسَنِ، عَنْ حُرَيْثِ بْنِ قَبِيصَةَ، قَالَ قَدِمْتُ الْمَديِنَةَ قَالَ قُلْتُ إِنِّي دَعَوْتُ لِي جَلِيسًا صَالِحًا فَحَدِّثْنِي بِحَديثٍ سَمِعْتَهُ مِنْ رَسُولِ اللَّهِ صلى اللّهُ عَزَّ وَجَلَّ أَنْ يُيَسِّرَ لِي جَلِيسًا صَالِحًا فَحَدِّثْنِي بِحَديثٍ سَمِعْتَهُ مِنْ رَسُولِ اللّهِ صلى الله عليه وسلم لَعَلَّ اللّهَ أَنْ يَنْفَعَنِي بِهِ . قَالَ سَمِعْتُ رَسُولَ اللّهِ صلى الله عليه وسلم لَعَلَّ اللّهَ أَنْ يَنْفَعَنِي بِهِ . قَالَ سَمِعْتُ رَسُولَ اللّهِ صلى الله عليه وسلم يَقُولُ " إِنَّ أَوَّلَ مَا يُحَاسَبُ بِهِ الْعَبْدُ بِصَلَاتِهِ فَإِنْ صَلَحَتْ فَقَدْ أَقْلَحَ وَأَنْجَحَ وَإِنْ فَسَدَتْ يَقُولُ " إِنَّ أَوَّلَ مَا يُحَاسَبُ بِهِ الْعَبْدُ بِصِلَاتِهِ فَإِنْ صَلَحَتْ فَقَدْ أَقْلَحَ وَأَنْجَحَ وَإِنْ فَسَدَتْ يَقُولُ " إِنَّ أَوَّلَ مَا يُحَاسَبُ بِهِ الْعَبْدُ بِصِلَاتِهِ فَإِنْ صَلَحَتْ فَقَدْ أَقْلَحَ وَأَنْجَحَ وَإِنْ فَسَدَتْ فَقَدْ خَابَ وَخَسِرَ " . قَالَ هَمَّامٌ لاَ أَدْرِي هَذَا مِنْ كَلاَمِ قَتَادَةَ أَوْ مِنَ الرِّوايَةِ " فَإِنِ انْتَقَصَ مِنْ الْفُريضَةِ ثُمَّ لَيْ فَي مِنْ الْفُريضَةِ ثُمَّ لَهُ بِهِ مَا نَقَصَ مِنَ الْفُريضَةِ ثُمَّ مُن الْفُريضَةِ ثُمَّ لَوْ الْعَوْلُ أَلُولُ الْعَوْلُ أَلُولُ الْعَوْلُ الْعَوْلُ الْعَوْلُ أَلَّ أَنْ يَصُو ذَلِكَ " . خَالَفَهُ أَبُو الْعَوَّام .

বাংলা

৪৬৬। আবূ দাউদ (রহঃ) ... হুরায়স ইবনু কাবীসাহ (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন যে, আমি মদিনা এসে আল্লাহ্র নিকট দোয়া করি, হে আল্লাহ! আপনি আমাকে একজন সৎ সঙ্গী দান করুন। তারপর আমি এসে আবূ হুরায়রা (রাঃ)-এর মজলিসে বসলাম এবং তাঁকে বললাম যে, আমি মহান আল্লাহ্র নিকট একজন সৎ সঙ্গী পাওয়ার জন্য দোয়া করেছি। অতএব আপনি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট থেকে শোনা এমন একটি হাদিস আমাকে বর্ণনা করুন যা দ্বারা আল্লাহ আমাকে উপকৃত করবেন।

আবৃ হুরায়রা (রাঃ) বললেন, আমি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, কিয়ামতের দিন সর্বপ্রথম তাঁর বান্দা থেকে সালাতের হিসাব নেওয়া হবে। সালাত যথাযথভাবে আদায় হয়ে থাকলে সে সফল হবে ও মুক্তি পাবে। সালাত যথাযথ আদায় না হয়ে থাকলে ক্ষতিগ্রস্ত ও ধ্বংস হবে। হাম্মাম বলেন, 'আমি জানি না-এটা কাতাদার কথা না হাদিসের অংশ। যদি ফর্য সালাত কিছু কম হয়ে থাকে তবে আল্লাহ্ (ফেরেশতাদের) বলবেন, আমার বান্দার কোন নফল সালাত আছে কি না? থাকলে তা দ্বারা ফর্য পূর্ণ করে দেওয়া হবে। এরপর অন্যান্য আমলের ব্যাপারেও একই অবস্থা হবে।



English

It was narrated that Huraith bin Qabisah said:

"I arrived in Al-Madinah and said: 'O Allah, make it easy for me to find a righteous companion.' Then I sat with Abu Hurairah, may Allah be pleased with him, and said: 'I prayed to Allah to help me find a righteous companion.' So tell me a Hadith that you heard from the Messenger of Allah (**), so that Allah might benefit me from it. He said: 'I heard the Messenger of Allah (**) say: "The first thing for which a person will be brought to account will be his Salah. If it is sound then he will have succeeded, be salvaged, but if it is not then he will have lost and be doomed." - (One of the narrators) Hammam said: "I do not know whether this was the words of Qatadah or part of the report." - "If anything is lacking from his obligatory prayers, He will say: 'Look and see whether My slave has any voluntary prayers to make up for what is deficient from his obligatory prayers.' Then all of his deeds will be dealt with in like manner."

ফুটনোট

সহিহ, ইবনু মাজাহ হাঃ ১৪২৫

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন